



এডুকেশন কাউন্সিল কী?

এডুকেশন কাউন্সিল নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহকে সঠিক পথে পরিচালনার জন্য পিতামাতাদের অভিমতকে শক্তিশালী করে। কমিউনিটি এডুকেশন কাউন্সিল ও ৪টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল চ্যাম্বলরকে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করে, সরাসরি ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টদের সাথে কাজ করে, ডিস্ট্রিক্ট এডুকেশন কর্মসূচি পর্যালোচনা করে, জোনিং লাইন অনুমোদন করে এবং আমাদের পাবলিক স্কুলসমূহকে সম্ভাব্য সেরা স্কুলে রূপায়িত করার জন্য মূলধনী উন্নয়নের সুপারিশ করে।

কমিউনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি)

এসব কাউন্সিল পিতামাতাদেরকে ডিস্ট্রিক্ট পর্যায়ে সংশ্লিষ্ট হওয়ার জন্য পিতামাতাদের সুযোগ দেয়। প্রতিটি সিইসি-এর ১১ জন ভোটাধিকারসম্পন্ন সদস্য রয়েছেন: ৯ জন কে-৮ গ্রেডের শিক্ষার্থীদের নির্বাচিত পিতামাতা, যার মধ্যে কমপক্ষে একজনকে ইংরেজি ভাষা শিক্ষার্থীর এবং একজনকে আইইপি-যুক্ত শিক্ষার্থীর পিতামাতা হতে হবে, এবং ২জনকে বরো প্রেসিডেন্ট মনোনীত সদস্য।

সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নির্দিষ্ট শিক্ষার্থীদের পক্ষে কাজ করার জন্য পিতামাতাদেরকে সুযোগ দেয়। সিইসিগুলোর মতো এসব কাউন্সিলে ১১ জন ভোটাধিকারী সদস্য থাকেন (৯জন নির্বাচিত ও ২ জন মনোনীত), সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলের ব্যতিক্রম হলে এর সদস্য সংখ্যা ১৩ জন (১০ জন নির্বাচিত পিতামাতা ও ৩ জন মনোনীত)।

৪টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল হলো:

- ▶ সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (সিসিএইচএস)
- ▶ সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (সিসিএসই)
- ▶ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (সিসিইএলএল)
- ▶ সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট ৭৫ (সিসিডি৭৫)

সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

স্টেটের আইন অনুযায়ী এডুকেশন কাউন্সিল সদস্যদের প্রতি দুই বছর পর পর নতুন করে নির্বাচন করতে হয়। এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন প্রক্রিয়াটি নিয়ন্ত্রণের জন্য দায়বদ্ধ, যা ফেব্রুয়ারি থেকে মে মাস পর্যন্ত ৯০ দিনের মধ্যে অনুষ্ঠিত হয়। কোন পদে ২০১৭ সালে প্রতিদ্বন্দ্বিতা করার বিস্তারিত প্রক্রিয়া জানতে পরবর্তী পৃষ্ঠা দেখুন।

আপনার স্কুলে আপনার মতো পিতামাতার প্রয়োজন!
আরও জানতে দেখুন schools.nyc.gov/Offices/CEC



আপনার মতামতের মূল্য আছে। এনওয়াইসি এডুকেশন কাউন্সিলে নির্বাচন করার কথা বিবেচনা করুন।

কম্যুনিটি এডুকেশন কাউন্সিলে (সিইসি) কে কাজ করার যোগ্য?

আপনার কোন সন্তান যদি কোন পাবলিক স্কুলে, নন-চার্টার স্কুলে কে-৮ গ্রেডের শিক্ষার্থী হয়... তাহলে সন্তানের স্কুল যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার সিইসি নির্বাচনে আপনার অংশ নিতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলে (সিসিএইচএস) কে কাজ করার যোগ্য?

আপনার কোন সন্তান যদি কোন পাবলিক স্কুলে, নন-চার্টার স্কুলে কে-৮ গ্রেডের শিক্ষার্থী হয়... তাহলে আপনার সন্তানের স্কুল যে বরোতে অবস্থিত, সে বরোর প্রতিনিধিত্বকারী সিসিএইচএস-এর নির্বাচনে আপনি অংশ নিতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনে (সিসিএসই) কে কাজ করার যোগ্য?

আপনার কোন আইইপিযুক্ত সন্তান যদি বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশন থেকে বা ডিপার্টমেন্ট অব এডুকেশনের অর্থায়নে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করে... তাহলে আপনি সিসিএসই-এর নির্বাচনে অংশ নিতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল ফর ইংলিশ ল্যান্ডম্যুয়েজ লার্নার্স-এ (সিসিইএলএল) কে কাজ করার যোগ্য?

আপনার কোন সন্তান বিগত দুই বছরের মধ্যে ইংরেজি ভাষা শিক্ষার্থী থাকলে... আপনি সিসিইএলএল নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট ৭৫-এ (সিসিডি৭৫) কে কাজ করার যোগ্য?

আপনার কোন সন্তান যদি বর্তমানে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোন ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে ভর্তি থাকে... তাহলে আপনি সিসিডি৭৫-এর নির্বাচনে অংশ নিতে পারবেন।

একটি এডুকেশন কাউন্সিলে কে কাজ করতে পারবে না?

আপনি কোন পাবলিক স্কুল কর্মকর্তা, ডিওই-এর কর্মচারী, প্যানেল ফর এডুকেশন পলিসি- সদস্য হলে, কিংবা কোন এডুকেশন কাউন্সিল, পিএ/পিটিএ, এসএলটি, প্রেসিডেন্টস কাউন্সিল থেকে বহিষ্কৃত হলে বা নির্দিষ্ট কোন অপরাধে অপরাধী সাব্যস্ত হলে, কোন এডুকেশন কাউন্সিলে কাজ করতে পারবেন।

যোগ্যতা কখন নিরূপিত হয়?

এডুকেশন কাউন্সিল-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য আপনি আবেদনপত্র কতো তারিখ জমা দিয়েছেন, তার উপর যোগ্যতা নিশ্চিত করা হয়।

২০১৭-২০১৯ মেয়াদের নির্বাচনের গুরুত্বপূর্ণ তারিখসমূহ:

৯ ফেব্রুয়ারি থেকে ৫ মার্চ

এডুকেশন কাউন্সিলে আবেদনপত্র জমা দেওয়া

২০ মার্চ থেকে ২১ এপ্রিল

প্রার্থী ফোরাম

২৩ এপ্রিল থেকে ৯ মে

নির্বাচকদের ভোট দেওয়া

১৫ মে

ফল ঘোষণা

আরও জানতে দেখুন schools.nyc.gov/Offices/CEC

T&I 25104 (Bengali)

NYC
Department of
Education
Carmen Fariña, Chancellor